# খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা
## নিবন্ধন নং-৩২/কে, তারিখ-১৮/০৬/১৯৪৮ খ্রি.
## সংশোধীত নিবন্ধন নং-০২/কে, তারিখ-২৩/০৫/২০০৫ খ্রি.

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬

পত্র নং-০১/২০২৬

তারিখঃ-০৪-০৮-২০২৬ খ্রি.

এতদ্বারা খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা এর সকল সদস্যভুক্ত প্রাথমিক সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ১৪ বিধি অনুযায়ী খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ এর ব্যবস্থাপনা কমিটির বিগত ৩০-০৬-২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৫-০৯-২০২৬ খ্রি. তারিখ বিশেষ সাধারণ সভার মাধ্যমে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ উপলক্ষ্যে গঠিত নির্বাচন কমিটির গত ২৯-০৭-২০২৬ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক অদ্য ০৪-০৮-২০২৬ খ্রি. তারিখ ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরুপভাবে ঘোষণা করা হলো।

### নির্বাচনী তফসিল-২০২৬

| ক্রঃ নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ | সমিতির কার্যালয়/মেট্রোঃথানা সমবায় কার্যালয়, খুলনা | ০৯/০৮/২০২৬ খ্রি. ও ১০/০৮/২০২৬ খ্রি. | সকাল ১১ টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত |
| ০২ | মনোনয়নপত্র জমাদানের তারিখ | সমিতির কার্যালয়/মেট্রোঃথানা সমবায় কার্যালয়, খুলনা | ১৬/০৮/২০২৬ খ্রি. | সকাল ১১ টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই। | মেট্রোঃথানা সমবায় কার্যালয়, খুলনা | ১৭/০৮/২০২৬ খ্রি. | বেলা ১২ টা |
| ০৪ | মনোনয়নপত্র বাছাই অন্তে প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ। | সমিতির নোটিশ বোর্ড ও মেট্রোঃথানা সমবায় কার্যালয়, খুলনা | ১৭/০৮/২০২৬ খ্রি. | মনোনয়নপত্র বাছাই শেষে। |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত কোন প্রার্থীর কিংবা বাতিলকৃত কোন প্রার্থীর মনোনয়নপত্রের বিষয়ে আপীল | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় খুলনা মহোদয় বরাবর | ১৮/০৮/২০২৬ খ্রি. ও ১৯/০৮/২০২৬ খ্রি. | দুই কর্ম দিবস অফিস চলাকালীন সময়ে |
| ০৬ | আপীলের শুনানী ও নিষ্পত্তি। | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় খুলনা মহোদয় কর্তৃক | ২০/০৮/২০২৬ খ্রি. ২৩/০৮/২০২৬ খ্রি. ২৪/০৮/২০২৬ খ্রি. | তিন কর্ম দিবস অফিস চলাকালীন সময়ে |
| ০৭ | নির্বাচন কমিটি কর্তৃক বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | সমিতির নোটিশ বোর্ড ও মেট্রোঃথানা সমবায় কার্যালয়, খুলনা | ২৫/০৮/২০২৬ খ্রি. | বেলা ১২ টা |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহারের তারিখ। | সমিতির কার্যালয়/মেট্রোঃথানা সমবায় কার্যালয়, খুলনা | ২৭/০৮/২০২৬ খ্রি. | সকাল ১১ টা হতে দুপর ১ টা পর্যন্ত |
| ০৯ | চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ | সমিতির নোটিশ বোর্ড ও মেট্রোঃথানা সমবায় কার্যালয়, খুলনা | ২৭/০৮/২০২৬ খ্রি. | বিকাল ৩ টা |
| ১০ | ভোট গ্রহণ। | সমিতির কার্যালয় | ০৫/০৯/২০২৬ খ্রি. | সকাল ১০ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত বিরতিহীনভাবে। |
| ১১ | ফলাফল ঘোষণা। | সমিতির কার্যালয় | ০৫/০৯/২০২৬ খ্রি. | ভোট গননা শেষে |

**নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় ঃ**

০১। নির্বাচন সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক পরিচালিত হবে।

০২। ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে- ০১ জন, সহ-সভাপতি পদে-০১ জন ও সদস্য পদে-০২ জন সহ মোট ০৪ (চার) টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

০৩। সমিতির ব্যবস্থাপনা কমিটির বিগত ৩০-০৬-২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে আগ্রহী প্রত্যেক প্রার্থীকে সভাপতি পদে- ৩০০০/- টাকা, সহ-সভাপতি পদে-২০০০/-টাকা এবং সদস্য পদে-১৫০০/-টাকা সমিতিতে অফেরত যোগ্য জামানত হিসেবে জমা দিয়ে রশিদ গ্রহণ পূর্বক নির্বাচন কমিটির নিকট থেকে মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।

০৪। নির্বাচন কমিটির নিকট মনোনয়নপত্র দাখিলের সময় টাকা জমাদানের রশিদের মুলকপি, ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণীর ও পরিচয়পত্রের অনুলিপি জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত সহ জাতীয় পরিচয়পত্রের কপি ও ছবি সংযুক্ত করতে হবে।

০৫। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল সদস্যভুক্ত প্রাথমিক সমবায় সমিতির প্রার্থীকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯ ধারা, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪(সংশোধিত ২০২০) এর ২৪, ৮৭ , ৮৮ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে

০৬। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৮৭ ও ৮৮ বিধি অনুসরন করে ভোট প্রদানকারী সদস্য সমিতির প্রতিনিধিকে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৩৩(৩) বিধি মোতাবেক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত নকল ও ফরম-৮ মোতাবেক তাহার পরিচয়পত্র নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

০৭। পদ ভিত্তিক প্রতীক বরাদ্দ নিম্নরুপ ঃ

| ক্রঃনং | পদের নাম | সংখ্যা | প্রতীক সমূহ |
|---|---|---|---|
| ০১ | সভাপতি | ০১ জন | চেয়ার/আম/ফুটবল/হাতি/ বটগাছ । |
| ০২ | সহ-সভাপতি | ০১ জন | বই/তলোয়ার/ হরিণ /মোরগ/আনারস। |
| ০৩ | সদস্য | ০২ জন | মাছ/কুড়াল/তালাচাবি/মই/কাপপিরিচ/ঠেলাগাড়ি। |

০৮। একাধিক প্রার্থী একই প্রতীক দাবি করলে নির্বাচন কমিটি লটারির মাধ্যমে প্রতীক বরাদ্দ প্রদান করবে।

০৯। মনোনয়নপত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১০। চুড়ান্ত ভোটার তালিকায় অর্ন্তভুক্ত সদস্য ব্যতিত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবে না।

১১। কোন প্রার্থী একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করতে পারবে না।

১২। ব্যালট পেপারে প্রার্থীগণের নামের অদ্যাক্ষর অনুসারে সন্নিবেশিত হবে। এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১৩। নির্বাচনে প্রতিদ্বন্দি কোন প্রার্থী সমবায় সমিতি, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ব্যক্তিগত পর্যায়ে গৃহিত ঋণ বা জামানত প্রদানের মাধ্যমে অন্যকে দেওয়া ঋণ, অগ্রীম কিংবা গৃহীত পন্যের মূল্য বা অন্য যে কোন পাওনার খেলাপী অংশ মনোনয়নপত্র দাখিলের পূর্বে সম্পূর্ন পরিশোধ না করলে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৯(ঙ) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৩(৩) বিধি মোতাবেক উক্ত মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ধারা অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য হিসাবে একাদিক্রমে তিনটি মেয়াদ পূর্ণ করিয়াছেন এমন কোন সদস্য উক্ত মেযাদের অব্যবহিত পরবর্তী একটি মেয়াদের নির্বাচনে প্রার্থী হইবার যোগ্য হইবেন না।

১৫। সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২২(২) বিধি মোতাবেক কোন ব্যক্তি একই সময়ে একাধিক কেন্দ্রীয় বা জাতীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভুক্ত থাকিতে পারিবেন না, তবে নিবন্ধক কিংবা সরকার কর্তৃক মনোনীত ব্যক্তির ক্ষেত্রে উক্ত শর্ত প্রযোজ্য হইবে না।

১৬। তাছাড়া সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৯ ধারা অনুযায়ী যোগ্য হতে হবে এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ২৮(ক,খ,গ,ঘ) যথাযথ ভাবে অনুসরন করা না হলে মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭। নির্বাচনি প্রচারনার ক্ষেত্রে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন আচরণ বিধিমালার প্রযোজ্য বিধিসমূহ অনুসরন করতে হবে।

১৮। নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারো কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

(এম রকিব হাসান)
সদস্য
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬
খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা
ও
সহকারী প্রশিক্ষক
জেলা সমবায় কার্যালয়, খুলনা

(মোঃ আব্দুস সালাম)
সদস্য
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬
খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়, খুলনা

(মোঃ মোস্তফা কামাল)
সভাপতি
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬
খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা
ও
মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, খুলনা

স্মারক নং-

তারিখঃ-০৪-০৮-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হল ঃ

০১। সদস্য, নির্বাচন কমিটি-২৬, খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা। সম্মানিত নির্বাচন কমিটির সদস্যবৃন্দকে নির্বাচনী তফসীলে বর্ণিত তারিখের প্রতি কর্মকান্ড/সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ বিষয়ে পৃথক কোন নোটিশ জারী করা হবে না।

০২। সভাপতি, খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ, দৌলতপুর, দিঘলিয়া, খুলনা। তাকে সমিতির সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফসীল বিধি মোতাবেক প্রেরণের বিষয়টি নিশ্চিত করা সহ নোটিশ বোর্ডে সকলের জ্ঞাতার্থে প্রকাশের জন্য অনুরাধ করা হলো।

০৩। উপজেলা সমবায় কর্মকর্তা, দিঘলিয়া/ফুলতলা/ডুমুরিয়া, খুলনা।

০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দৌলতপুর থানা/দিঘলিয়া থানা, খুলনা।

০৫। জেলা সমবায় অফিসার, খুলনা।

০৬। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।

০৭। নোটিশ বোর্ড।

(মোঃ মোস্তফা কামাল)
সভাপতি
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬
খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ,
দৌলতপুর, দিঘলিয়া, খুলনা
ও
মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, খুলনা

সংযুক্তি ঃ ০১

# খুলনা সমবায় শিল্প ইউনিয়ন লিঃ

রেজিঃ নং-৩২/কে, তাং ১৮/০৬/১৯৪৮খ্রি.
শরীফ আমজাদ হোসেন সড়ক, দৌলতপুর, খুলনা।

---

এতদ্বারা খুলনা জেলার দিঘলিয়া উপজেলাধীন **"খুলনা সমবায় শিল্প ইউনয়ন লিঃ"** এর আগামী ০৫/০৯/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদনের লক্ষ্যে সকল প্রার্থী এবং সদস্যদের নিম্নবর্নিত আচরণ বিধি অনুস্বরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

## " নির্বাচনী আচরণ বিধি"

১। নির্বাচনী প্রচারণা হিসেবে সকল প্রকার দেয়াল লিখন থেকে সকলকে বিরত থাকতে হবে।

২। ভোট কেন্দ্রের ভবন এবং ভবনের প্রবেশ পথের ১০ গজের মধ্যে এবং কোন দেয়াল,ওয়াল ,বিদ্যুৎ ও টেলিফোনের খুটি বা অন্য কোন দন্ডায়মান বস্তুতে আঠা দ্বারা পোষ্টার বা ব্যানার লাগানো যাবে না । এক্ষেত্রে সুতা দ্বারা ঝুলানো যাবে।

৩। নির্বাচনী প্রচারণার পোস্টার দেশী কাগজে হতে হবে এবং একের অধিক রং ব্যবহার করা যাবে না। আয়তন কোন অবস্থাতেই ( ৬০ সে.মি × ৪৫ সে.মি) পরিমাপের অধিক হতে পারবে না। তবে ডিজিটাল ব্যানারের ক্ষেত্রে রং এবং আয়তন শিথিলযোগ্য।

৪। নির্বাচনী প্রচারণায় কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ছবি ও প্রতীক ব্যতীত অন্য কারোর নাম,ছবি বা প্রতীক ছাপাতে কিংবা ব্যবহার করতে পারবে না।

৫। ভোটারগন কে কোনরুপ উপঢৌকন,বকশিস ইত্যাদি প্রদান করতে পারবেন না।

৬। কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি নির্বাচনী প্রচারণা কালে ব্যক্তিগত চরিত্র হরণ করে বা কোন ধরণের কটুক্তি বা উস্কানীমূলক কিংবা লিঙ্গ,সাম্প্রদায়িকতা বা ধর্মানুভুতিতে আঘাত লাগে এইরুপ কোন বক্তব্য প্রদান করতে পারবে না।

৭। অর্থ,অস্ত্র,পেশীশক্তি কিংবা স্থানীয় ক্ষমতা দ্বারা নির্বাচন কে প্রভাবিত করা যাবে না।

৮। কোন প্রার্থীর পোস্টারের উপর অন্য কোন প্রার্থীর পোস্টার বা ব্যানার লাগানো যাবে না এবং কারোর পোস্টার বা ব্যানার ছেড়া যাবে না।

৯। লাঠি বা কোন ক্ষতিকর কিছু নিয়ে কোন মিছিল করা যাবে না ।

১০। নির্বাচন শুরুর ২৪ ঘন্টা পূর্ব থেকে ফলাফল প্রকাশ না করা পর্যন্ত কোন মাইকিং,মিছিল,জনসভা ইত্যাদি করা যাবে না ।

১১। ভোট কেন্দ্রে নির্বাচনী কর্মকর্তা/কর্মচারী, প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বচনী এজেন্ট,পোলিং এজেন্ট,কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তি এবং ভোটারগণ প্রবেশ করতে পারবে।

১২। ভোট কেন্দ্রে প্রবেশের পূর্বে অবশ্যই মাক্স পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে ভোট প্রদান করতে হবে।

নির্বাচন সুষ্টু ও সুন্দরভাবে সম্পাদনের লক্ষ্যে সকল প্রার্থী এবং সদস্যদের সহযোগিতা কামনা করছি। উল্লেখ্য যে, উপরোক্ত আচরণ বিধি লংঘনের জন্য নির্বাচন কমিটি কর্তৃক গৃহীত যে কোন কঠোর সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

নির্দেশনায়

**নির্বাচন কমিটি**
খুলনা সমবায় শিল্প ইউনয়ন লিঃ